

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
www.dae.gov.bd

স্মারক নং- ৪৬৪৬ (২৭৬)


তারিখঃ ২৬/৪/২০২৭

বিষয়:- আগামী আমন ২০১৭ মৌসুমে সর্বাধিক আমন আবাদ ও উৎপাদনের জন্য বিশেষ পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী আমন ২০১৭ মৌসুমে দেশের সকল জেলা ও উপজেলাসমূহে সংশ্লিষ্ট এলাকা উপযোগী অধিক ফলনশীল আমন জাতের আবাদী এলাকা বৃদ্ধিসহ নিবিড় পরিচর্যার মাধ্যমে আমনের উৎপাদন বৃদ্ধি করার লক্ষ্যে নিম্নেবর্ণিত করণীয় অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নির্দেশ প্রদান করা হলো :

১. সংশ্লিষ্ট এলাকার আবহাওয়া ও ভূমি শ্রেণী বিবেচনায় আমনের জাত নির্বাচনে কৃষকগণকে পরামর্শ প্রদান।
২. জাতসমূহের বীজের প্রাপ্তি ও মজুদ পরিস্থিতি চিহ্নিত করা এবং কাজিত জাতের বীজ প্রাপ্তিতে কৃষকগণকে সহায়তা প্রদান।
৩. আমন মৌসুমে এলাকার সকল ধান চাষ উপযোগী জমি চাষের অধীনে আনতে সকল প্রকার প্রচেষ্টা গ্রহণ।
৪. এলাকার আগাম ও নাবী বীজতলা করা যায় এমন স্থানে কমিউনিটি বীজতলায় চারা উৎপাদনের পদক্ষেপ গ্রহণ।
৫. কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের দৈনন্দিন কাজের সাথে অগ্রাধিকার ভিত্তিতে এগুলো বাস্তবায়ন করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানসহ সার্বিক মনিটরিং কর্মকান্ড আরও জোরদারকরণ।

উল্লেখ্য, যে সকল কর্মকর্তা মাঠে নির্ধারিত লক্ষ্যমাত্রার চেয়ে ১০ ভাগ বা তার অধিক আমন উৎপাদন বৃদ্ধি করতে সক্ষম হবেন তাদের অত্র অধিদপ্তর হতে বিশেষ সম্মাননা প্রদান করা হবে।


(মোঃ মনজুরুল হান্নান)
মহাপরিচালক
ফোনঃ ৯১৪০৮৫০

প্রাপক:

১. উপজেলা কৃষি অফিসার,.....(সকল উপজেলা)।
২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,.....(সকল জেলা)।
৩. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,..... অঞ্চল.....(সকল অঞ্চল)।
৪. পরিচালক,.....উইং (সকল), ডিএই, খামারবাড়ি, ঢাকা।

জ্ঞাতার্থে অনুলিপিঃ

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।